দৈনিক

MAR. 25 2002

# বিতাড়িত ছাত্রলীগ কর্মীদের আগামী মাসে হলে তোলা হবে ॥ জাবি প্রক্টরের প্রতিশ্রুতি

**জাবি সংবাদদাতা** ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কি ছাত্রলীগকে দেয়া তাঁর কথা রাখতে পারবেন? গত বৃহস্পতিবার সন্ধ্যায় প্রক্টর এনামুল্লাহ পারভেজ বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা কমিটির সভায় সকল ছাত্র সংগঠনের সঙ্গে আলোচনাকালে জাবি ছাত্রলীগ উত্থাপিত সহাবস্থানের দাবির পরিপ্রেক্ষিতে আগামী এপ্রিলের প্রথম সপ্তাহে ছাত্রলীগের বিতাড়িত নেতাকর্মীদের হলে তোলার আশ্বাস দিয়েছেন।

উল্লেখ্য, নির্বাচনোত্তর সহিংসতায় ছাত্রদলের হামলায় ছাত্রলীগের প্রায় অর্ধশতাধিক নেতাকর্মী আহত হয়েছে। ছাত্রদলের হামলার আশঙ্কায় প্রায় শতাধিক ছাত্রলীগ নেতাকর্মী ক্যাম্পাসের বাইরে অবস্থান করছে।